

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৯৬

তারিখ: ২১ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার/শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে

মহোদয়

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়াসহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

## সংবাদ বিজ্ঞপ্তি

অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে

## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পুষ্পস্তবক অর্পণ

অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা আন্দোলনে আত্মোৎসর্গকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের স্মরণে সেখানে কিছু সময় নীরবতা পালন করেন। এসময় উপাচার্য মহোদয়ের সাথে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম, ট্রেজারার জনাব এস.এম এহসান কবীর, রেজিস্ট্রার জনাব মো. রেজাউল হক, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা উপস্থিত ছিলেন। এছাড়াও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশন ও বঙ্গবন্ধু পরিষদ ইআবি শাখার নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন।

এর আগে অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভোর ৬.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়।

পরে সকাল ১০.০০ টায় অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম, ট্রেজারার জনাব এস.এম এহসান কবীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম। এসময় একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ভার্চুয়াল আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা সংযুক্ত ছিলেন।

পরে ভার্চুয়াল সভা শেষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া মোনাজাত করেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

(জনাব মো. রেজাউল হক)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।